গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মৌলভীবাজার
www.dpe.moulvibazar.gov.bd

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র মৌলভীবাজার জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাজস্বখাতভূক্ত সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫- এর আওতায় চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে আগামী **২৪.০২.২০২৬ তারিখ থেকে ২৬.০২.২০২৬ তারিখ পর্যন্ত** অফিস চলাকালীন সময়ের মধ্যে স্ব-শরীরে উপস্থিত হয়ে নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মৌলভীবাজার-এ জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

- সংশ্লিষ্ট সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন (সত্যায়িত ১কপি সহ)
- ডোপটেস্ট রিপোর্ট (সত্যায়িত ১কপি সহ)
- পুলিশ ভেরিফিকেশন ফরম ০৩ প্রস্থ (যথাযথভাবে পূরণকৃত)- প্রতিটি পুলিশ ভেরিফিকেশন ফরমের সাথে শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (চারিত্রিক সনদ ১টি মূল, ২টি সত্যায়িত কপি); **উল্লেখ্য পুলিশ ভেরিফিকেশন ফরম অত্রাফিসের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।**
- প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদ
- জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ, স্থায়ী ঠিকানার প্রত্যয়নসহ সকল মূল সনদ

## উপজেলাভিত্তিক কাগজপত্র জমাদানের সময়সূচি

| ক্রমিক নং | উপজেলার নাম | জমাদানের তারিখ ও বার |
|---|---|---|
| ১ | **মৌলভীবাজার সদর ও বড়লেখা** | **২৪ ফেব্রুয়ারি ২০২৬, মঙ্গলবার** |
| ২ | **কুলাউড়া, জুড়ী ও শ্রীমঙ্গল** | **২৫ ফেব্রুয়ারি ২০২৬, বুধবার** |
| ৩ | **রাজনগর ও কমলগঞ্জ** | **২৬ ফেব্রুয়ারি ২০২৬, বৃহস্পতিবার** |

*** **প্রার্থী উল্লেখিত কাগজপত্রসহ নির্ধারিত তারিখের মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মৌলভীবাজারে উপস্থিত হতে না পারলে এবং পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম জমা প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে তিনি নিয়োগপত্র প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না।**

২২/০২/২০২৬
(মোঃ সফিউল আলম)
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
মৌলভীবাজার।
☎ ০২৯৯৬৬৮৩৩০০
ই-মেইল : dpeomoulv@gmail.com

D:\At Appointment 2025\Letter\Letter.docx

ডকেট নং- ৫৮
০৯/০২/২০২৬.
কর্মকর্তার স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-৫৯ তারিখ: ২৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ০৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত ''সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫''-এর চূড়ান্ত ফলাফল প্রকাশ**

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত ''সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫''এর গত ০৫.১১.২০২৫ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০১০.২৫-২০৭ নম্বর ও ১২.১১.২০২৫ তারিখের ৩৮.০১.০০০০.১৪৩.১১.০২৪.২৫-২১৫ নম্বর স্মারকে জারিকৃত বিজ্ঞাপনের আলোকে ৬১ জেলায় (পার্বত্য ০৩ জেলা ব্যতীত) গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সর্বমোট ১৪,৩৮৪ (চৌদ্দ হাজার তিনশত চুরাশি) জন প্রার্থীকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচনপূর্বক প্রার্থীদের ফলাফল প্রকাশ করা হলো:

ক) প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০২৫ অনুসরণপূর্বক উপজেলাভিত্তিক মেধাক্রম অনুযায়ী নিয়োগের জন্য প্রাথমিকভাবে প্রার্থী নির্বাচন করে তালিকা প্রণয়ন করা হয়েছে।

খ) প্রকাশিত ফলাফলের কোন পর্যায়ে কোন প্রকার ভুল-ভ্রান্তি/ত্রুটি-বিচ্যুতি/মুদ্রণজনিত ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন করার বা প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ফলাফল বাতিল/সংশোধন করার এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ) নির্বাচিত কোন প্রার্থী কোন প্রকার ভুল তথ্য প্রদান করেছেন কিংবা কোন তথ্য গোপন করেছেন মর্মে প্রতীয়মান/প্রমাণিত হলে কর্তৃপক্ষ তার ঘোষিত ফলাফল বা নির্বাচন বাতিল করতে পারবে।

ঘ) নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীকে আগামী ২২ ফেব্রুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন ও ডোপটেস্ট রিপোর্ট সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে দাখিল করতে হবে। স্বাস্থ্যগত সনদে প্রার্থী উল্লিখিত পদে নিয়োগযোগ্য নয় মর্মে উল্লেখ থাকলে তিনি নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

ঙ) নির্বাচিত প্রার্থীগণকে আগামী ২২ ফেব্রুয়ারি থেকে ০১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে পরিচিতি প্রতিপাদন ও সকল ডকুমেন্টস যাচাইয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সকল মূল সনদ (সকল সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, ০৩ (তিন) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম (যথাযথভাবে পূরণকৃত), সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ/প্রত্যয়ন এবং ডোপটেস্ট রিপোর্ট ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সনদসহ) স্বশরীরে উপস্থিত হতে হবে।

চ) কোন প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে পূর্ব কার্যকলাপ সন্তোষজনক না হলে কিংবা নাশকতা/সন্ত্রাসী/জঙ্গি কার্যক্রমে সংশ্লিষ্ট কিংবা রাষ্ট্র বিরোধী কোন কার্যক্রমে লিপ্ত ছিলেন মর্মে প্রমাণ পাওয়া গেলে তিনি চাকরিতে অনুপযুক্ত হিসেবে বিবেচিত হবেন।

ছ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে উপরের ঘ ও ঙ অনুচ্ছেদে বর্ণিত স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ প্রদান, সকল মূল সনদসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে উপস্থিত হতে না পারলে এবং পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফর্ম প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে তিনি নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

০৮/০২/২০২৬
এ. কে. মোহম্মদ সামছুল আহসান)
পরিচালক (পলিসি ও অপারেশন)
০২- ৫৫০৭৪৯১৮
dirpolicydpe@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
৩. জেলা প্রশাসক, ০৩ (তিন) পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সকল বিভাগ।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ০৩ (তিন) পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা।
৬. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৭. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
৮. জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিজ্ঞপ্তিটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারের জন্য অনরোধ করা হলো)।

SENT. 10.02.2026